

25

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে**  
**সতর্কতামূলক**  
**ব্যবস্থা**  
ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ হত্যামামলাসহ বেশ কয়ে-  
কটি মামলার ফেরারী আসামী হিসাবে  
পুলিশ গত বৃহস্পতিবার ছাত্র শিবি-  
রের ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার  
(১২ পৃ: ড্র:)

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে**  
(৩য় পৃ: পর)  
সভাপতি ও কেন্দ্রীয় নেতা মো:  
নজরুল ইসলামকে (আইন ৪র্থ বর্ষ)  
গ্রেফতার করিয়া কুষ্টিয়া জেল হাজতে  
প্রেরণ করার প্রতিবাদে উক্ত সংগঠন  
গত শুক্রবার হইতে সপ্তাহব্যাপী  
কর্মসূচী ঘোষণা করিয়াছে। ফলে  
দীর্ঘদিন পর ক্যাম্পাস উত্তপ্ত হইয়া  
উঠিয়াছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের  
সকল বিভাগে একযোগে ক্লাস-  
পরীক্ষা চলিতেছে। এমতাবস্থায়  
একাডেমিক কার্যক্রম নিবিঘ্ন করিতে  
এবং সহিংসতা এড়াইতে কুষ্টিয়া ও  
ঝিনাইদহ পুলিশ প্রশাসনের সহায়-  
তায় কর্তৃপক্ষ শুক্রবার হইতে  
ক্যাম্পাস হলসমূহ এবং পার্শ্ববর্তী  
এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন-  
সহ অত্র এলাকায় পূর্ব হইতে মোতা-  
য়েনকৃত নিরাপত্তা কর্মীদের সতর্কা-  
বস্থায় রাখিয়াছে। ভাইস চ্যান্সেলর  
প্রফেসর কায়েস উদ্দিন বিশ্ববিদ্যা-  
লয়ের আইন-শৃংখলা নিয়ন্ত্রণে রাখার  
দায়িত্বপ্রাপ্ত প্রক্টরিয়াল কমিটিকে  
ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশরোধ-  
সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের  
নির্দেশ দিয়াছেন।